uttoron
Skills for better life

Chevron | swisscontact

উত্তরণ নিউজলেটার

সংখ্যা ৬ । আগস্ট-অক্টোবর ২০২১

সিলেট সিটি কর্পোরেশনের সাথে চুক্তি স্বাক্ষর করলো শেভরনের অর্থায়নে সুইসকন্ট্যাক্ট কর্তৃক বাস্তবায়িত উত্তরণ প্রকল্প

তরুণ প্রজন্মকে দক্ষ জনগোষ্ঠী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সুইসকন্ট্যাক্ট বাংলাদেশ বিগত ২ সেপ্টেম্বর ২০২১ তারিখে সিলেট সিটি কর্পোরেশনের সাথে একটি চুক্তিনামা স্বাক্ষর করে। অনুষ্ঠানটি ঢাকার ওয়েস্টিন হোটেলে অনুষ্ঠিত হয়। এই চুক্তিনামার আওতায় উত্তরণ প্রকল্প সিলেট সিটি কর্পোরেশনের সাথে পার্টনারশিপের মাধ্যমে সিলেটে একটি প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা করবে। এ জাতীয় পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) উদ্যোগ বাংলাদেশ সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) এবং জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ২০১১ অর্জনের ক্ষেত্রে সরাসরি ভূমিকা রাখতে সক্ষম হবে। পার্টনারশিপের পরিকল্পনা অনুসারে সুইসকন্ট্যাক্ট উত্তরণ প্রকল্প সিলেট সিটি কর্পোরেশনের একটি বিদ্যমান অবকাঠামোকে আধুনিক প্রশিক্ষণ কেন্দ্রে রূপান্তরিত করবে। প্রাথমিক অবস্থায় এই প্রশিক্ষণ কেন্দ্রে বছরে ৮০০ যুবাকে চারটি বিষয়ে (ইলেক্ট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেনেন্স, প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং, ওয়েল্ডিং এবং হাউসকিপিং) প্রশিক্ষণ প্রদান করা হবে, যেগুলোর চলমান শ্রমবাজারে যথেষ্ট চাহিদা রয়েছে। সিলেট সিটি কর্পোরেশনের মেয়র জনাব আরিফুল হক বলেন, *"দক্ষ কর্মীর অভাব বর্তমানে আমাদের দেশের সবচেয়ে বড় চ্যালেঞ্জগুলোর মধ্যে অন্যতম। ফলশ্রুতিতে প্রতিযোগিতামূলক বাজারে আমাদের তরুণরা প্রয়োজনীয় দক্ষতার অভাবে টিকে থাকতে হিমশিম খাচ্ছে। এ সমস্যা সমাধানের অন্যতম উপায় উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনগোষ্ঠী গড়ে তোলা এবং প্রতিযোগিতামূলক বিশ্বে প্রতিনিয়ত পরিবর্তনশীল শ্রমবাজারে প্রয়োজনীয় দক্ষতার চাহিদা সফলভাবে পূরণ করা। আমি বিশ্বাস করি এই অংশীদারিত্বের মাধ্যমে কাজ করে, আমরা সফল পাবলিক-প্রাইভেট-পার্টনারশিপের জন্য একটি নতুন মানদণ্ড স্থাপন করতে সক্ষম হব এবং অন্যদের জন্য রোল মডেল হতে পারব।"* এই অনুষ্ঠানে বিশিষ্ট অতিথিদের মধ্যে সিলেট সিটি কর্পোরেশনের মেয়র জনাব আরিফুল হক ছাড়াও উপস্থিত ছিলেন, এরিক এম ওয়াকার, প্রেসিডেন্ট, শেভরন বাংলাদেশ; ইমরুল কবির, পরিচালক, কর্পোরেট অ্যাফেয়ার্স, শেভরন বাংলাদেশ এবং মুজিবুল হাসান, কান্ট্রি ডিরেক্টর, সুইসকন্ট্যাক্ট বাংলাদেশ।

বাংলাদেশে প্রথমবারের মতো শুরু হতে যাচ্ছে আন্তর্জাতিক পর্যায়ের আধুনিক ওয়েল্ডিং প্রশিক্ষণ

উত্তরণ প্রকল্পের হাত ধরে প্রথম বারের মতো বাংলাদেশে আন্তর্জাতিক মানের আধুনিক ওয়েল্ডিং ট্রেনিং শুরু হতে যাচ্ছে। তরুণ প্রজন্মকে দক্ষ জনগোষ্ঠি হিসাবে গড়ে তোলার লক্ষ্যে শেভরনের অর্থায়নে সুইসকন্ট্যাক্ট এর উত্তরণ প্রকল্প খুলনা শিপইয়ার্ডের সাথে গত ২৭ সেপ্টেম্বর ২০২১ একটি চুক্তিপত্র স্বাক্ষর করে। উত্তরণের প্রকল্পের একটি লক্ষ্য হলো জাতীয় পর্যায়ের একটি ট্রেনিং প্রতিষ্ঠানকে আধুনিকায়নের মাধ্যমে আন্তর্জাতিক পর্যায়ের ওয়েল্ডিং ট্রেনিং অবকাঠামো তৈরি করা ও প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা। উত্তরণ প্রকল্প খুলনা শিপইয়ার্ডের অধীনে পরিচালিত টেকনিক্যাল ট্রেনিং সেন্টার আধুনিকীকরণের মাধ্যমে তরুণদের জন্যে আন্তর্জাতিক মান সম্পন্ন এই ওয়েল্ডিং প্রশিক্ষণ শুরু করবে। বর্তমানে দেশে এবং বিদেশে ৩জি এবং ৪জি লেভেলের ওয়েল্ডিং ট্রেনিংয়ের ব্যাপক চাহিদা রয়েছে, কিন্তু দেশে প্রচলিত প্রশিক্ষণসমূহ আন্তর্জাতিক মান সম্পন্ন না হওয়ায় বাংলাদেশী শ্রমিকরা আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতায় পিছিয়ে যাচ্ছে। এ জাতীয় পাবলিক প্রাইভেট পার্টনারশীপ তরুণদের জন্যে সম্ভাবনার এক নতুন দ্বার উন্মোচন করবে। কমোডর এম জাকিরুল ইসলাম (ই), এনডিসি, পিএসসি, বিএন, ম্যানেজিং ডিরেক্টর, খুলনা শিপইয়ার্ড, বলেন, "*আমি শেভরন, সুইসকন্ট্যাক্ট এবং উত্তরণ প্রকল্পকে ধন্যবাদ দিতে চাই এই আয়োজনে আমাদের অংশীদার করার জন্য। আমাদের প্রচুর জনবল থাকলেও দক্ষ জনবল এর অভাব রয়েছে। জনবলকে দক্ষ করে গড়ে তুললে তারা দেশের অর্থনীতিতে ভূমিকা রাখতে সক্ষম হবে।*" মোহাম্মদ শাহিনুর ইসলাম, ডিরেক্টর পিএসসি, পেট্রোবাংলা বলেন "*শেভরন বাংলাদেশ বিপিআই এর মাধ্যমে যে উদ্যোগগুলো গ্রহন করেছে তা এক কথায় প্রশংসনীয়।*"

ওয়েস্টিন ঢাকা হোটেলে চুক্তিস্বাক্ষর অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কমোডর এম জাকিরুল ইসলাম (ই), এনডিসি, পিএসসি, বিএন, ম্যানেজিং ডিরেক্ট ও খুলনা শিপইয়ার্ড, এরিক এম ওয়াকার, প্রেসিডেন্ট, শেভরন বাংলাদেশ, মোহাম্মদ শাহিনুর ইসলাম, ডিরেক্টর পিএসসি, পেট্রোবাংলা, মুহাম্মদ ইমরুল কবির, পরিচালক, কর্পোরেট অ্যাফেয়ার্স, শেভরন বাংলাদেশ এবং মুজিবুল হাসান, কান্ট্রি ডিরেক্টর সুইসকন্ট্যাক্ট।

uttoron
Skills for better life

Chevron | swisscontact

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান এবং এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক সুইসকন্ট্যাক্ট বাংলাদেশের উত্তরণ প্রকল্প পরিদর্শন করেন

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান দুলাল কৃষ্ণ সাহা এবং এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক কে. এম. তারিকুল ইসলাম ২৮ অক্টোবর ২০২১ সুইসকন্ট্যাক্ট বাংলাদেশের উত্তরণ প্রকল্প এলাকা হবিগঞ্জ এবং সিলেট পরিদর্শন করেন। উত্তরণ প্রকল্পটি শেভরন বাংলাদেশ এর অর্থায়নে সুইসকন্ট্যাক্ট বাংলাদেশ কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। হবিগঞ্জের প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শনকালে নির্বাহী চেয়ারম্যান এবং মহাপরিচালক মহোদয় শিক্ষার্থীদের সাথে মত বিনিময় করেন এবং দক্ষতা অর্জনের মাধ্যমে কিভাবে জীবনে উন্নতি করা সম্ভব সে বিষয়ে আলোকপাত করেন। এছাড়াও সম্মানিত অতিথিদ্বয় সিলেটে টনি খান হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট পরিদর্শনকালে হাউসকিপিং এর মত একটি সময়োপযোগী ট্রেনিং প্রদানের জন্য উত্তরণকে সাধুবাদ জানান।

উল্লেখ্য, সম্প্রতি জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে প্রধানমন্ত্রীর দপ্তর থেকে অনুমোদন পেয়েছে উত্তরণ প্রবর্তিত প্যাকেজিং এবং ফিনিশিং অপারেশন। যা প্যাকেজিং শিল্পের চাহিদা পূরণে এক অভিনব উদ্যোগ।

শেভরন প্রতিনিধিদের হবিগঞ্জ ও সিলেটে উত্তরণের প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন

গত ২৩-২৪ অক্টোবর ২০২১ শেভরনের প্রতিনিধিগণ হবিগঞ্জ এবং সিলেট সদরের উত্তরণ প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করেন। তারা উত্তরণের অন্যতম পার্টনার ইউসেপ প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রশিক্ষকদের সাথে কথা বলেন। পরবর্তীতে টিএমএসএস পরিচালিত হবিগঞ্জের প্রশিক্ষণ কেন্দ্রও পরিদর্শন করেন এবং প্রশিক্ষণার্থীদের সাথে উন্মুক্ত আলোচনায় অংশ নেন। উত্তরণ ট্রেনিং এর মাধ্যমে অর্জিত নতুন দক্ষতা ব্যবহার করে ভবিষ্যত লক্ষ্য অর্জনের পরিকল্পনা ও প্রচেষ্টা গ্রহণের গুরুত্ব আরোপ করেন। শেভরন বাংলাদেশ এর কর্পোরেট অ্যাফেয়ার্স এর ডিরেক্টর মুহাম্মদ ইমরুল কবির শিক্ষার্থীদেরকে তাদের অর্জিত দক্ষতা ব্যবহার ব্যবহার করে তাদের স্ব স্ব জীবনমান উন্নয়নে উৎসাহিত করেন।

হবিগঞ্জে প্রি-ট্রেনিং ওরিয়েন্টেশন এবং প্রি-এম্পলয়মেন্ট কর্মশালা অনুষ্ঠিত

১৭-১৯ অক্টোবর ২০২১ তারিখে হবিগঞ্জে প্রি ট্রেনিং ওরিয়েন্টেশন (পিটিও) এবং প্রি এম্পলয়মেন্ট ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অরিয়েন্টেশন ওয়ার্কশপ (পিইসিডিওডাব্লিউ) অনুষ্ঠিত হয়। প্রি ট্রেনিং ওরিয়েন্টেশন এ মোট ৯২ জন এবং প্রি এম্পলয়মেন্ট এ ১২৯ জন অংশগ্রহন করে। দুটি কর্মশালায় যথাক্রমে উত্তরণ প্রশিক্ষণের জন্য সঠিক প্রশিক্ষনার্থী নির্বাচন এবং ট্রেনিং প্রাপ্তির পর চাকুরি ক্ষেত্রে পেশাগত কৌশল অবলম্বন এবং উন্নয়নের জন্য প্রস্তুত করা হয়।

uttoron
Skills for better life

Chevron

swisscontact

এক নজরে উত্তরণ (৩১ অক্টোবর ২০২১ পর্যন্ত উত্তরণের তথ্য)

দেশের ৫টি জেলায়
বিস্তৃত কার্যক্রম

১২০৭
প্রশিক্ষণার্থী তালিকাভুক্ত

৩ ধাপ বিশিষ্ট
প্রশিক্ষণার্থী বাছাই প্রক্রিয়া

২৬%
নারী প্রশিক্ষণার্থী

৫৫৩
প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ সম্পন্ন করেছে

সরকারের সাথে পার্টনারশিপে
২টি ট্রেনিং ইনস্টিটিউট প্রতিষ্ঠা

প্রথমবারের মত শুরু হলো
বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত
প্যাকেজিং এবং ফিনিশিং অপারেশন ট্রেড

বাংলাদেশে আন্তর্জাতিক মানের
উন্নত ওয়েল্ডিং প্রশিক্ষণ চালু

২%
ড্রপ আউট রেট

উত্তরণের মোবাইল অ্যাপ ডেভেলপমেন্টের কাজ শুরু

উত্তরণ প্রকল্প প্রশিক্ষণার্থীদের জন্য একটি মোবাইল অ্যাপ্লিকেশন তৈরি করার কাজ শুরু করেছে যাতে করে প্রশিক্ষনার্থীরা প্রয়োজনীয় সফট স্কিলের উপর ধারনা লাভ করতে পারে। ঝড়ে পরার হার হ্রাস করা এবং কর্মক্ষেত্র সম্পর্কিত চ্যালেঞ্জগুলো মোকাবেলা করার জন্য তাদের আরও ভালভাবে প্রস্তুত করা এই উদ্যোগের মূল লক্ষ্য। ন্যানো ইনফরমেশন টেকনোলজি এই অ্যাপটি চালু করা ও পরবর্তীতে প্রায়োগিক ব্যবহারে উত্তরণ প্রকল্পের সাথে কাজ করছে। এ মোবাইল অ্যাপ্লিকেশনটি বিনামূল্যে সকল স্মার্টফোন ব্যবহারকারীদের জন্য উন্মুক্ত হবে।

উত্তরণ - উন্নত জীবনের লক্ষ্যে
সুইসকন্ট্যাক্ট বাংলাদেশ
হাউজ-২৮, রোড-৪৩, গুলশান-২, ঢাকা ১২১২, বাংলাদেশ
www.swisscontact.org/bangladesh

uttoron
Skills for better life

Chevron | swisscontact